ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০৮৪

আগরতলা,২ ডিসেম্বর,২০২৫

**মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত**

**রাজ্যে হোমিওপ্যাথিক এবং আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ গড়ে তোলার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার**



আগরতলায় একটি হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ এবং গোমতী জেলায় একটি আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ গড়ে তোলার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। এই দুটি মেডিক্যাল কলেজ গড়ে তোলার জন্য কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক ১৪০ কোটি টাকা বরাদ্দ করেছে। এই দুটি মেডিক্যাল কলেজ গড়ে তোলার বিষয়ে বিস্তারিত আলোচনা করতে আজ সচিবালয়ের কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সভাপতিত্বে এক উচ্চপর্যায়ের সভা অনুষ্ঠিত হয়।

বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, এই দুটি মেডিক্যাল কলেজ গড়ে তোলার কাজ শুরুর আগেই বহির্রাজ্যে হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজ পরিদর্শন করে অভিজ্ঞতা সঞ্চয় করতে হবে এবং সেই অভিজ্ঞতা এখানে কাজে লাগাতে হবে। মেডিক্যাল কলেজ গড়ার জন্য সময়সীমা নির্ধারণ করার জন্যও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। রাজ্যের যেসব ছাত্রছাত্রী বর্তমানে বহির্রাজ্যে হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক কলেজে পড়াশোনা করছে তাদের প্ল্যাসমেন্টের বিষয়েও মুখ্যমন্ত্রী বিস্তারিত খোঁজখবর নেন। তিনি বলেন, আগে হোমিওপ্যাথি ও আয়ুর্বেদিক চিকিৎসার প্রতি রাজ্যের মানুষের আস্থা ছিল। সেই আস্থা আবার ফিরিয়ে আনতে হবে।

বৈঠকে স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে এবং ন্যাশনাল আয়ুষ মিশনের সদস্য সচিব সাজু বাহিদ এ. প্রস্তাবিত দুটি মেডিক্যাল কলেজের বিষয়ে মুখ্যমন্ত্রীকে বিস্তারিত অবহিত করেন। স্লাইড শোর মাধ্যমে প্রস্তাবিত ৬০ আসন বিশিষ্ট দুটি মেডিক্যাল কলেজের স্থান, পঠন পাঠনের সময়সীমা এবং কলেজের বিভিন্ন বিভাগের বিষয় মুখ্যমন্ত্রীর সামনে তুলে ধরা হয়। পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার সঞ্জয় কুমার দাস কলেজ দুটির পরিকাঠামোর বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা. অঞ্জন কুমার দাস, স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. অশোক দেওয়ান সহ স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****